

স্মারক নং- ০৫.২০.৩০২৫.০০০.২২.০০৩.২১- ২১ ৭২

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২৪ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**“দোকান ভাড়া বিজ্ঞপ্তি”**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাগনভূঞা উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১ম ও ২য় তলার নিম্নোক্ত দোকান ঘর ভাড়া প্রদানের নিমিত্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তিগণকে আগামী ২৪ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও আহবায়ক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটি, দাগনভূঞা, ফেনী এর অফিস হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহক্রমে নিম্নোক্ত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

দোকান নম্বর অনুযায়ী জামানত ও মাসিক ভাড়ার বিবরণ নিম্নরূপ :

ক্রমিক নং	দোকান নম্বর	জামানত (সিকিউরিটি মানি)	মাসিক ভাড়া
০১.	নিচ তলা- ২	১,৫০,০০০.০০ (প্রতি দোকান)	২,৫০০.০০
০২.	নিচ তলা -৩		
০৩.	নিচ তলা- ৪		
০৪.	নিচ তলা- ৫		
০৫.	নিচ তলা- ৬		
০৬.	দোতলা- ১০	১,০০,০০০.০০	২,০০০.০০

**শর্তাবলী :**

১. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দাগনভূঞা, ফেনী হতে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র গ্রহণ ও জমা প্রদান করতে হবে;
২. আবেদনপত্রের সাথে জামানত হিসেবে ০৬ (ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ পে-অর্ডারের মাধ্যমে “উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন” শিরোনামে জমা প্রদান করতে হবে। দোকান বরাদ্দ প্রাপ্তির পর কেউ দোকান নিতে অনাগ্রহ প্রকাশ করলে তা বায়েজাপ্ত বলে গণ্য হবে;
৩. দোকান বরাদ্দের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাগণকে অগ্রাধিকার দেয়া হবে;
৪. আবেদনকারীকে ট্রেড লাইসেন্স ও আয়কর সনদ দাখিল করতে হবে (যদি থাকে);
৫. আবেদনপত্রে অবশ্যই দোকান নম্বর উল্লেখ করতে হবে;
৬. বরাদ্দ প্রাপ্ত ব্যক্তি দোকান বা ভবন অন্যের নিকট উপ-ভাড়া প্রদান করতে পারবেনা;
৭. আবেদনপত্রে দোকানের ধরণ যেমন-ব্যাংক, বীমা, কসমেটিক্স, ফার্মেসী, গার্মেন্টস ইত্যাদি উল্লেখ করতে হবে;
৮. বরাদ্দ প্রাপ্ত ব্যক্তি দোকানের কোন প্রকার ক্ষতি সাধন করলে অথবা যথাসময়ে ভাড়া বা বিদ্যুৎ বিল পরিশোধ না করলে তা জামানত হতে কর্তন করা হবে;
৯. কোন কক্ষ ভাড়া গ্রহণের জন্য একাধিক ব্যক্তি বা প্রতিষ্ঠান আগ্রহী থাকলে লটারীর মাধ্যমে ভাড়াটিয়া নির্ধারণ করা হবে ;
১০. বিদ্যুৎ বিল অবশ্যই ভাড়াটিয়া কর্তৃক পরিশোধ করতে হবে;
১১. একাধারে ০৬ (ছয়) মাসের ভাড়া/বিদ্যুৎ বিল বকেয়া রাখলে দোকানের বরাদ্দ বাতিল বলে গণ্য হবে;
১২. নির্ধারিত সময়ের পূর্বে বা পরে আবেদনপত্র গ্রহণ বা জমা প্রদান করা যাবেনা;
১৩. ‘উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন’ রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটি কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
২৪/১১/২০২৪  
(নিবেদিতা চাকমা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

‘উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন

রক্ষণাবেক্ষণ ও পরিচালনা’ কমিটি

দাগনভূঞা, ফেনী।

☎ ০২৩৩৪৪৭৫৬০৯

০১৭১৩-১৮৭৩১৮

unodaganbhuiyan@mopa.gov.bd

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

০১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০;
০২. জেলা প্রশাসক, ফেনী;
০৩. প্রশাসক, উপজেলা পরিষদ, দাগনভূঞা, ফেনী;
০৪. প্রশাসক, দাগনভূঞা পৌরসভা, দাগনভূঞা, ফেনী; [বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো]
০৫. উপজেলা ..... কর্মকর্তা ও সদস্য 'উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন' রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটি, দাগনভূঞা, ফেনী; [বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো]
০৬. চেয়ারম্যান/ প্রশাসক ..... ইউ.পি (সকল), দাগনভূঞা, ফেনী; [বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো]
০৭. সভাপতি/সম্পাদক, দাগনভূঞা বাজার ব্যবসায়ী কল্যাণ সমিতি/ দাগনভূঞা বাজার ব্যবস্থাপনা কমিটি, দাগনভূঞা, ফেনী;
০৮. জনাব/ বীর মুক্তিযোদ্ধা.....

  
২৪/১১/২০২৪  
উপজেলা নির্বাহী অফিসার  
দাগনভূঞা, ফেনী।